



নিউ ইয়র্ক সিটির

চার্টার সংশোধন কমিশন 2019-এর জন্য আপনার নির্দেশনা

চার্টার কী?

নিউ ইয়র্ক সিটির চার্টার হলো সিটির সংবিধান। এটি আমাদের সরকারের জন্য একটি অবকাঠামো তৈরি করে। সিটি আমাদের ট্র্যাক্সের ডলার কীভাবে করবে, আমাদের আশেপাশের এলাকাগুলোর পরিবর্তন সম্পর্কে কীভাবে সিদ্ধান্ত গ্রহণ করবে এবং আমাদের নির্বাচিত অফিসারগণ কীভাবে ক্ষমতা ব্যবহার করবে এসব বিষয়গুলো চার্টার নিয়ন্ত্রণ করে থাকে। প্রায় 30 বছর পূর্বে, চার্টার সংশোধন কমিশন সিটির সরকারকে নতুন করে তেলে সাজিয়েছিল। আমরা একটি নতুন রূপ পেয়েছি। এই শরৎকালে, নির্বাচন থেকে শুরু করে পুলিশের দায়িত্বের মতো আরও বিভিন্ন ধরনের সমস্যা নিয়ে ব্যালট প্রস্তাবনায় ভোট দেওয়ার মাধ্যমে নিউ ইয়র্কের বাসিন্দারা আমাদের চার্টার সংশোধন করার একটি সুযোগ পাবেন। 5 নভেম্বরে আপনি এতে ভোট দিতে পারবেন।

ব্যালটে কী কী প্রস্তাবনা রয়েছে?

নির্বাচন:

- নগরের নির্বাচিত অফিসারবৃন্দ যেমন- মেয়র ও সিটি কাউন্সিলের সদস্যদের প্রাথমিক ও বিশেষ নির্বাচনের মাধ্যমে নির্বাচিত করার জন্য আপনার পছন্দ অনুযায়ী ভোট প্রদান করুন।
- মেয়াদ থাকাকালীন কোনো নির্বাচিত কর্মকর্তা অফিস ত্যাগ করলে 45 থেকে 80 দিন সময় বাড়িয়ে দেওয়া হয় এবং একটি বিশেষ নির্বাচন অনুষ্ঠিত হয়।
- ভবিষ্যতে প্রাথমিক সিটি কাউন্সিল নির্বাচনের জন্য ডিস্ট্রিক্ট পর্যায়ের সময়সূচি সংশোধন করুন যাতে ডিস্ট্রিক্টগুলোতে সঠিক সময়ে নির্বাচন অনুষ্ঠিত হয়।

বেসামরিক অভিযোগ পর্যালোচনা বোর্ড (CCRB):

- CCRB বোর্ডে আরো দুইজন সদস্য যোগ করুন, পাবলিক অ্যাডভোকেট একজনকে নিযুক্ত করবেন এবং আরেকজনকে মেয়র ও সিটি কাউন্সিলের স্পিকার (যিনি চেয়ারম্যান হিসেবে ভূমিকা পালন করবেন) যৌথভাবে নিয়োগ দেবেন।
- CCRB-এর নিয়মনীতি লংঘন করলে পুলিশ কমিশনারকে CCRB-এর কাছে তার জবাবদিহিতা দিতে হবে।
- CCRB-এর এক্সিকিউটিভ ডিরেক্টরের জন্য সপিনা ক্ষমতা প্রদান করুন।
- তদন্ত করছে এমন একজন কর্মকর্তার অধীনে সম্ভাব্য মিথ্যা আনুষ্ঠানিক বিবৃতির তদন্ত করা এবং প্রযোজ্য ক্ষেত্রে, শৃঙ্খলার পরামর্শ দিতে CCRB-কে অনুমতি প্রদান করুন।
- CCRB-এর বাজেট নিশ্চিত করুন।



আপনি এতে ভোট দিতে পারবেন ।

প্রস্তাবনা (চলবে):

নীতি এবং পরিচালনা প্রক্রিয়া:

- সিটি সার্ভিস ছেড়ে যাওয়ার পরবর্তী দুই বছর নির্বাচিত কর্মকর্তা এবং সিনিয়র কর্মকর্তাদের সিটি সরকারকে যেকোনো ধরনের তদবির থেকে বিরত থাকতে বলুন।
- সম্প্রতি মেয়র কর্তৃক নিয়োগকৃত কনফ্লিক্টস অব ইন্টারেস্ট বোর্ড (COIB)-এর দুইজন সদস্যের একজনকে কম্পট্রোলার কর্তৃক এবং অন্য জনকে পাবলিক অ্যাডভোকেটের নিয়োগকৃতদের দ্বারা প্রতিস্থাপন করুন।
- স্থানীয় নির্বাচিত অফিসের প্রচারণার কাজে COIB বোর্ডের সদস্যদের অংশগ্রহণ করতে নিষেধ করুন এবং তারা যে পরিমাণ অর্থ প্রদান করতে পারেন তার পরিমাণ যতটা সম্ভব কমিয়ে ফেলুন।
- সিটিব্যাপী সংখ্যালঘু/নারী মালিকানাধীন ব্যবসায়িক উদ্যোগ (M/WBE) ডিরেক্টর রিপোর্ট সরাসরি মেয়রের কাছে দেওয়া প্রয়োজন।
- কর্পোরেশন কাউন্সিলে মেয়রের অ্যাপয়েন্টমেন্ট নিয়ে সিটির কাউন্সিলের পরামর্শ এবং অনুমতি—চেক এবং ব্যালেন্স সিস্টেম—এর আবশ্যিকতা প্রয়োজন।

সিটি বাজেট:

- আগামী বছরগুলোর জন্য অর্থ সঞ্চয়ের লক্ষ্যে সিটিকে "রেইনি ডে ফান্ড" ব্যবহার করার সুযোগ দিন (স্টেট আইন অনুযায়ী)।
- পাবলিক অ্যাডভোকেট এবং বরো প্রেসিডেন্টের জন্য বাজেট নিশ্চিত করুন।
- 25 মে (5 জুন তারিখের পরিবর্তে) এর মধ্যে মেয়র রাজস্বের একটি খসড়া সিটি কাউন্সিলকে জমা দিবেন।
- সিটির অর্থনৈতিক পরিকল্পনা হালনাগাদের 30 দিনের মধ্যে মেয়র বাজেটের সংশোধনী সিটি কাউন্সিলের কাছে জমা দিবেন।

ভূমির ব্যবহার (ULURP):

- সিটি পরিকল্পনা বিভাগ ক্ষতিগ্রস্ত কমিউনিটি বোর্ড, বরো প্রেসিডেন্ট এবং বরো বোর্ডকে ULURP আবেদনের ব্যাপারে অগ্রিম নোটিশ প্রদান করবে যাতে করে আবেদনটি গণ পর্যালোচনার 30 দিন পূর্বেই একটি বিস্তারিত প্রোজেক্ট সারমর্ম প্রদান করা যায়।
- গ্রীষ্মে ULURP আবেদনগুলো পর্যালোচনা করার জন্য কমিউনিটি বোর্ডকে অতিরিক্ত সময় প্রদান করুন।

আরো বিস্তারিত জানার জন্য দেখুন: charter2019.nyc/finalreport



NYC-এর ইতিবৃত্ত তৈরি করুন ।

charter2019.nyc

#NYCrevision

